



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বগুড়া সদর, বগুড়া।  
sadar.bogra.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-০৫.৫০.১০২০.০০০.০৫.০০৮.২০২২.৮২৬

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৯ বাঃ  
০৪ আগস্ট, ২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বগুড়া জেলার সদর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন সমূহের নামের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহল্লাদার এর শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতনক্রম	ক্রমিক	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	শূন্য ওয়ার্ড নং	শিক্ষাগত যোগ্যতা
৬৫০০/-টাকা(সরকারী অংশ ৩২৫০/- ও ইউপি অংশ ৩২৫০/-)	০১	ফাঁপোর	০১	৮	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
	০২	রাজাপুর	০২	৪, ৭	
	০৩	শাখারিয়া	০১	৭, ৯	

### শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০৪/০৮/২০২২ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যার পুত্র/কন্যা ক্ষেত্রে বয়স ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।
- শারীরিক যোগ্যতা হিসেবে পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- আবেদনের ক্ষেত্রে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত মাত্র) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া বরাবর স্বহস্তে/স্পষ্টাক্ষরে টাইপকৃত আবেদন সরাসরি অথবা ডাকযোগে আগামী ৩১ আগস্ট ২০২২ বিকেল ৫.০০ টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বগুড়া সদর, বগুড়ায় পৌঁছাতে হবে।

০৭. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধিবিধান/নীতিমালা অনুসরণ করা হবে। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮. মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।

০৯. নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন বিষয় সংশোধন/পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(সমর কুমার পাল)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

বগুড়া সদর, বগুড়া।

ফোনঃ ০৫১-৭৮২২৫(অফিস)

E-mail: [uno.sadar.bogra@gmail.com](mailto:uno.sadar.bogra@gmail.com)

স্মারক নং-০৫.৫০.১০২০.০০০.০৫.০০৮.২০২২.৮২৬(১১)

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৯ বাঃ  
০৪ আগস্ট, ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, বগুড়া।

২। উপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।


৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বগুড়া সদর, বগুড়া।

৪। চেয়ারম্যান..... ইউপি, বগুড়া সদর, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি, বগুড়া সদর, বগুড়া। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৬। উপজেলা প্রকৌশলী/ অফিসার ইনচার্জ/ উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া।

৭। অফিস কপি।

  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

বগুড়া সদর, বগুড়া।